বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২২-২০২৩/ ১৮-৫৭ (১১২৫৩) তারিখঃ ০৫/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সিএমএসএমই খাতে ২০,০০০ কোটি টাকার প্রনোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক আদায়ের অগ্রগতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১, তারিখঃ ০৯/০৯/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যা অত্র বিভাগের পত্র নং-৪৪৮(১২০০), তারিখঃ ১৩/০৯/২০২১ মূলে ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০২। উল্লেখিত সার্কুলারের নির্দেশনা অনুসরনপূর্বক সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের আওতায় অত্র ব্যাংক কর্তৃক ১ম ও ২য় পর্যায়ের (২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছর) ঋণ বিতরণ কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং ৩য় পর্যায়ের (২০২২-২০২৩ অর্থবছর) ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। মাঠ কার্যালয় হতে সংগৃহীত ১ম ও ২য় পর্যায়ের বিতরণকৃত ঋণের ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক আদায় পরিস্থিতি ও অনাদায়ী স্থিতি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্র: নং: | বিভাগ/কার্যালয় | বিতরণ | | মোট আদায় | | অনাদায়ী স্থিতি | | মেয়াদোত্তীর্ণ | | শ্রেনীকৃত ঋণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান |
| ১ | ঢাকা | ২১৪৫ | ১০৭.৮৫ | ১৫৮০ | ৭৬.৯০ | ৭০৭ | ৩১.২৭ | ১২৩ | ৫.৯৭ | ৫৮ | ২.৮০ |
| ২ | ময়মনসিংহ | ১৫২৪ | ৫৯.১৫ | ১০১৭ | ৪০.২২ | ৬১৪ | ২০.৩২ | ১১৩ | ৪.০৩ | ৯৯ | ৩.৬১ |
| ৩ | চট্টগ্রাম | ১৭৫৪ | ৬৪.২৪ | ১৩৪৮ | ৫০.৭৮ | ৪৯৭ | ১৫.২৭ | ৩৩ | ১.১৫ | ০ | ০.০০ |
| ৪ | খুলনা | ৯৬৩ | ৪০.৮০ | ৭৪৭ | ৩২.৯৪ | ৩০১ | ৮.৯৫ | ৪৪ | ১.৬০ | ০ | ০.০০ |
| ৫ | বরিশাল | ৭৫৪ | ২০.৯৮ | ৪৯৮ | ১২.৯১ | ৩১২ | ৯.৯২ | ২৮ | ০.২২ | ০ | ০.০০ |
| ৬ | সিলেট | ১২২১ | ৪১.১৩ | ৮৬৮ | ৩০.৯৮ | ৪১৭ | ১১.২৭ | ২৩ | ০.৭৪ | ১৫ | ০.৫৫ |
| ৭ | কুমিল্লা | ২১৪৪ | ৮৯.৮১ | ১৪৩৯ | ৬১.৪৬ | ৮২১ | ২৯.৮৭ | ৮৭ | ৩.৯৪ | ১৩ | ০.৫০ |
| ৮ | কুষ্টিয়া | ৯৮৩ | ৫৬.০৭ | ৮৬৭ | ৩১.১৭ | ১৬৮ | ২৬.৩২ | ৬৫ | ১.৯৮ | ২৯ | ০.৭৯ |
| ৯ | ফরিদপুর | ১১৯৮ | ৪১.৫২ | ৮৯০ | ৩৭.২৭ | ৩৯৯ | ৫.৭৫ | ১৮ | ৬.৬৭ | ০ | ০.০০ |
| ১০ | এলপিও | ৪ | ১২.৬১ | ২ | ১২.৫০ | ২ | ০.১১ | ০ | ০.০০ | ০ | ০.০০ |
| | মোট | ১২৬৯০ | ৫৩৪.১৬ | ৯২৫৬ | ৩৮৭.১৩ | ৪২৩৮ | ১৫৯.০৫ | ৫৩৪ | ২৬.৩০ | ২১৪ | ৮.২৫ |

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্যাকেজের আওতায় ১ম ও ২য় পর্যায়ের বিতরণকৃত ঋণের একটি অংশ মেয়াদোত্তীর্ণ ও শ্রেণীকৃত ঋণে পরিনত হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়। এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ এর ০১(জ) নং অনুচ্ছেদে বর্নিত নির্দেশনা অনুসারে এ প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর। এ প্যাকেজের আওতায় নির্ধারিত মেয়াদের মধ্যে ঋণ আদায় নিশ্চিত করতে হবে। ব্যবসা চলমান থাকা সাপেক্ষে উদ্যোক্তার আবেদনের প্রেক্ষিতে ভোগরত ঋণ ব্যাংকের প্রচলিত নীতিমালায় নবায়ন করা যাবে।

০৩। এমতাবস্থায়, সিএমএসএমই খাতে ২০,০০০ কোটি টাকার প্রনোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণসমূহ মেয়াদান্তে সম্পূর্ণ আদায় কিংবা ব্যাংকের প্রচলিত নীতিমালার আলোকে নিয়মিত/নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ইতোমধ্যে মেয়াদোত্তীর্ণ ও শ্রেণীকৃত হওয়া ঋণসমূহ দ্রুত আদায় বা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পাশাপাশি নতুন করে কোন ঋণ যাতে শ্রেণীকৃত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহকে উল্লেখিত প্যাকেজের আওতায় ঋণ আদায় কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ শাখা পর্যায়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

বিষয় ঃ সিএমএসএমই খাতে ২০,০০০ কোটি টাকার প্রনোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক আদায়ের অগ্রগতি প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২২-২০২৩/ ১৮৯৯ (১১৫০) তারিখঃ ০৫/০২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Hossain
05/02/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক